সংবাদ

তারিখ ... 3 JAN 20 3 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ......

# রাজশাহীর নিউ ডিগ্রি কলেজ জাতীয় পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান

**রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** নানান প্রতিকূলতা আর সমস্যার মধ্যে থেকেও রাজশাহীর নিউ ডিগ্রি সরকারি কলেজ ২০০২ সালের জন্য জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হওয়ার গৌরব অর্জন করেছে।

১৯৬৬ সালে এই শিক্ষা প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হলেও এর অবকাঠামোগত তেমন কোন উন্নয়ন হয়নি। অডিটোরিয়াম, সেমিনার, শ্রেণী কক্ষ, শিক্ষার্থী হোস্টেল ও শিক্ষক সংকট রয়েছে। তবে এর সাফল্যের কমতি নেই। গত কয়েক বছর ধরে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। বর্তমানে ৩

শ্রেষ্ঠ ঃ পৃঃ ১১ কঃ ২

## শ্রেষ্ঠ ঃ জাতীয় পর্যায়ে

( ১ম পৃষ্ঠার পর )

হাজার ৫ শ' শিক্ষার্থী এখানে অধ্যয়ন করছেন। এর মধ্যে ডিগ্রি পাস ও অনার্স পর্যায়ে শিক্ষার্থী ২ হাজার ৬ শ' জন। অনার্স বিষয়ের পড়াশুনা হয় বাংলা, ইংরেজি, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা বিষয়ে। ইতোপূর্বে এই কলেজ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষক, বিএনসিসি'র শ্রেষ্ঠ সংগঠক হওয়ার সুনাম অর্জন করে। বর্তমানে মোট ৫৫ জন শিক্ষক রয়েছেন এখানে। মোট শিক্ষক পদ সংখ্যা ৬৭ টি। অনার্স বিষয় চালু করার পরও কলেজে শিক্ষক পদ বাড়ানো হয়নি।

কলেজ অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন অধ্যাপিকা রাজিয়া বেগম।